

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ সুন্নাত ছালাত সমূহ রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

- (২) মাগরিবের পূর্বের দুই রাক'আত ছালাতকে অবজ্ঞা করা
- (২) মাগরিবের পূর্বের দুই রাক'আত ছালাতকে অবজ্ঞা করা :

যেকোন ছালাতের আযানের পর দুই রাক'আত ছালাত আদায় করা যায়। উক্ত মর্মে অনেক হাদীছ বর্ণিত হয়েছে।[1] এছাড়াও নির্দিষ্টভাবে মাগরিবের পর দুই রাক'আত ছালাতের কথা বলা হয়েছে। কেউ চাইলে পড়তে পারে। কিন্তু উক্ত ছালাতকে বর্তমান মসজিদগুলোতে অবজ্ঞা করা হয়। এমনকি উক্ত ছালাত সম্পর্কে অধিকাংশ মুছল্লী খবরই রাখে না। অবশ্য এর পিছনেও একটি ক্রটিপূর্ণ বর্ণনা রয়েছে।

عَنْ عَبْدِ اللهِ بْنِ بُرَيْدَةَ عَنْ أَبِيْهِ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ إِنَّ عِنْدَ كُلِّ أَذَانَيْنِ رَكْعَتَيْنِ مَا خَلاَ الْمَغْرِبَ. আব্দুল্লাহ ইবনু বুরায়দাহ (রাঃ) তার পিতার সূত্রে বর্ণনা করেন যে, রাসূল (ছাঃ) বলেছেন, নিশ্চয় প্রত্যেক আযানের পর দুই রাক'আত ছালাত রয়েছে। তবে মাগরিব ব্যতীত।[2]

তাহকীক: বর্ণনাটি মুনকার। 'মাগরিব ব্যতীত' শেষের অংশটুকু ভুলক্রমে সংযোজিত হয়েছে। ইমাম বায়হাকী উক্ত বর্ণনা উল্লেখ করার পর বলেন, وَهَذَا مِنْهُ خَطَأٌ فِي الْإِسْنَادِ وَالْمَتْنِ جَمِيْعًا وَكَيْفَ يَكُوْنُ ذَلِكَ صَحِيْحًا وَهَذَا مِنْهُ خَطَأٌ فِي الْإِسْنَادِ وَالْمَتْنِ جَمِيْعًا وَكَيْفَ يَكُوْنُ ذَلِكَ صَحِيْحًا وَهَا مَعْهَا وَكَيْفَ مَا وَهُ 'এর অতিরিক্ত অংশের সনদ ও মতন উভয়েই ভুল রয়েছে। কিভাবে ছহীহ হতে পারে?'। অতঃপর তিনি বলেন, ইবনু বুরায়দা নিজেই মাগরিবের পূর্বে দুই রাক'আত ছালাত আদায় করতেন।[3]

ফুটনোট

- [1]. ছহীহ বুখারী হা/৬২৭, ১/৮৭ পৃঃ, (ইফাবা হা/৫৯৯, ২/৫০ পৃঃ); মুসলিম হা/১৯৭৭; মিশকাত হা/৬৬২, পৃঃ ৬৫; বঙ্গানুবাদ মিশকাত হা/৬১১, ২/২০১ পৃঃ, 'আযানের ফযীলত ও মুয়াযযিনের উত্তর দান' অনুচ্ছেদ।
- [2]. বায়হাকী, সুনানুল কুবরা হা/৪৬৬৯।
- [3]. বায়হাকী, সুনানুস ছুগরা হা/৫৬৮; সনদ ছহীহ, ছহীহ ইবনে হিববান হা/১৫৫৭; সিলসিলা যঈফাহ হা/৫৬৬২-এর আলোচনা দ্রঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1955

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন